

Prime Minister participates in the first Outreach Session of G7 Summit

প্রধানমন্ত্রী জি-৭ শীর্ষ সম্মেলনের প্রথম আউটরিচ অধিবেশনে অংশগ্রহণ করেছেন

জুন 12, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জি-৭ শীর্ষ সম্মেলনের প্রথম আউটরিচ অধিবেশনে আজ অংশগ্রহণ করেছেন।

“স্বাস্থ্য পরিষেবা – আরো মজবুতভাবে গড়ে তোলা” শীর্ষক অধিবেশনে করোনা ভাইরাস মহামারী থেকে সারা পৃথিবীর রোগমুক্তি এবং ভবিষ্যতে যে কোনো মহামারির বিরুদ্ধে লড়াইকে শক্তিশালী করার বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে।

এই অধিবেশনে, প্রধানমন্ত্রী ভারতে সম্প্রতি কোভিড সংক্রমণের যে ঢেউ এসেছিল, তার প্রতিরোধে জি-7 এবং অন্যান্য অতিথি রাষ্ট্রের সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার বিষয়টিকে প্রশংসা করেছেন।

তিনি ভারতে এই মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে সমগ্র সমাজের ঐক্যবদ্ধ হওয়ার উদ্যোগের বিষয়টি উল্লেখ করেছেন। সরকার, শিল্প সংস্থা এবং সুশীল সমাজ সর্বস্তরে ঐক্যবদ্ধ হয়ে এই লড়াই চালিয়েছে।

সংক্রমিতের সংস্পর্শে আসাকে চিহ্নিত করা এবং টিকাকরণের ব্যবস্থাপনার জন্য ডিজিটাল প্রক্রিয়াকে ভারত, সফলভাবে ব্যবহার করেছে বলে শ্রী মোদী জানিয়েছেন। অন্যান্য উন্নয়নশীল রাষ্ট্রগুলির সঙ্গে ভারত এই অভিজ্ঞতা ও দক্ষতা ভাগ করে নিতে উৎসাহী।

প্রধানমন্ত্রী বিশ্বজুড়ে স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে সমষ্টিগত উদ্যোগে ভারতের সমর্থনের কথা উল্লেখ করেছেন। কোভিড প্রতিরোধে প্রয়োজনীয় প্রযুক্তির ক্ষেত্রে ট্রিপস সংক্রান্ত ছাড় পাওয়ার জন্য বিশ্ব বাণিজ্য সংস্থায় ভারত ও দক্ষিণ আফ্রিকা যে প্রস্তাব এনেছে, তাতে তিনি জি-৭ গোষ্ঠীভুক্ত দেশগুলির সমর্থন চেয়েছেন।

এই বৈঠকের মাধ্যমে সারা পৃথিবীর কাছে “এক বিশ্ব, এক স্বাস্থ্য ব্যবস্থা” বার্তা ছড়িয়ে দেওয়া উচিত বলে তিনি উল্লেখ করেছেন। ভবিষ্যতে যে কোনো মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে আন্তর্জাতিক স্তরে ঐক্য, নেতৃত্ব ও সহমর্মিতার আহ্বান জানিয়ে এই বিষয়ে গণতান্ত্রিক ও স্বচ্ছ সমাজ ব্যবস্থার বিশেষ দায়িত্বের উপর শ্রী মোদী গুরুত্ব দিয়েছেন।

প্রধানমন্ত্রী জি-৭ শীর্ষ সম্মেলনের অন্তিম দিনে আগামীকাল দুটি অধিবেশনে অংশগ্রহণ করবেন।

নিউ দিল্লি

জুন 12, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.